

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬২.৯১.০০১.১৮.২১


তারিখ: ২৮ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১২ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নবনিযুক্ত মাননীয় মন্ত্রী আগামী ১৪ জানুয়ারি ২০২৪ রোজ রবিবার অপরাহ্ন ৩.০০ ঘটিকায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের অডিটরিয়ামে মন্ত্রণালয়ের উভয় বিভাগের সকল কর্মকর্তা এবং আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানগণের সাথে **শুভেচ্ছা ও মতবিনিময়** সভা করবেন। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন **জনাব মহিবুল হাসান চৌধুরী** এম.পি. মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ড. ফরিদ উদ্দিন আহমদ, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। সভায় সভাপতিত্ব করবেন জনাব সোলেমান খান, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

০২। উক্ত সভায় শিক্ষা মন্ত্রণালয়ের উভয় বিভাগের সকল কর্মকর্তা ও আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানসহ পরিচালক/সমমর্যাদা ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। উল্লেখ্য দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর শিক্ষা মন্ত্রণালয়ের সদয় সাবেক সফল শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এম.পি. এবং বর্তমান শিক্ষামন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী এম.পি. মহোদয়কে শিক্ষা পরিবারের পক্ষ থেকে ইতোমধ্যে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে। বিধায় শুভেচ্ছা ও মতবিনিময় সভায় নতুন করে ফুল নিয়ে শুভেচ্ছা না জানানোর জন্য মাননীয় মন্ত্রী নির্দেশনা প্রদান করেছেন।


(মো. মনিরুল ইসলাম মিলন)
সহকারী সচিব
ফোন: ২২৩৩৮৪৫৮২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ২) চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (উক্ত বিভাগের সকল কর্মকর্তা এবং আওতাধীন দপ্তর/সংস্থার পরিচালক ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণকে বর্ণিত সভায় অংশগ্রহণ করার নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৫) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
- ৬) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- ৭) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ৮) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৯) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ১০) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।
- ১১) যুগ্মসচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ১২) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), ধানমন্ডি, ঢাকা।
- ১৩) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
- ১৪) ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা।
- ১৫) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ১৬) মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীকে অবহিত করার অনুরোধসহ)।
- ১৭) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ রাজশাহী/ চট্টগ্রাম/ সিলেট/ যশোর/ বরিশাল/ ময়মনসিংহ/ দিনাজপুর/কুমিল্লা।
- ১৮) সদস্য সচিব, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ব্যানবেইস ভবন, ঢাকা।
- ১৯) সদস্য সচিব, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট, ব্যানবেইস, পলাশী, ঢাকা।
- ২০) উপসচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২১) সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়কে অবহিত করার অনুরোধসহ)।
- ২২) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (সচিব মহোদয়কে অবহিত করার অনুরোধসহ)।
- ২৩) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২৪) সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২৫) সভাপতি/সাধারণ সম্পাদক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্মকর্তা-কর্মচারী কল্যাণ সমিতি।
- ২৬) অফিস কপি।